*ইতালি*

# রিসেপশনে আপনার অধিকার ও বাধ্যবাধকতা



**এই তথ্যগুলো আপনার জানার জন্য, যদি:**

- **আপনার বয়স 18 বছরের নিচে হয়**
- **আপনি নিজের বাবা-মা ছাড়া এসেছেন, হয় একা, না হয় অন্য কোনো পরিবারের সদস্যদের সঙ্গে**
- **আপনি কর্তৃপক্ষকে জানিয়েছেন যে আপনি** *ইতালি* এ অ্যাসাইলামের জন্য (যাকে আন্তর্জাতিক সুরক্ষাও বলা হয়) আবেদন করতে চান।

**আপনি এই দেশে নিরাপদ আছেন।**

BENGALI

ইউরোপে, যাদের বয়স 18 বছরের নিচে, তাদের সবাইকে শিশু হিসেবে ধরা হয়। প্রতিটি শিশুরই **বিশেষ সহায়তা** পাওয়ার অধিকার আছে।

## কারা আপনাকে সাহায্য করবে?



যেহেতু আপনি আপনার বাবা-মা ছাড়া এখানে আছেন, অন্য একজন প্রাপ্তবয়স্ক যাকে অভিভাবক/প্রতিনিধি বলা হয়, তিনি আপনাকে আপনার প্রয়োজনে সাহায্য করবেন। এই ব্যক্তি কোনো কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন নয়।

যদি আপনি এখনও নিজের অভিভাবক/ প্রতিনিধির সঙ্গে দেখা না করে থাকেন, তাহলে যত দ্রুত সম্ভব তার সঙ্গে দেখা করবেন।

সে পর্যন্ত, কর্তৃপক্ষ আপনাকে সাহায্য ও প্রতিনিধিত্ব করার জন্য অন্য একজন প্রাপ্তবয়স্ককে নিযুক্ত করবেন।

## অভিভাবক/প্রতিনিধি-এর ভূমিকা কী?

আপনার অভিভাবক/প্রতিনিধি আপনার থাকার সম্পর্কিত সবকিছু আপনাকে ব্যাখ্যা করেন এবং আপনার প্রশ্নগুলোর উত্তর খুঁজে পেতে সাহায্য করেন। অন্যান্য কর্মীরাও এই প্রশ্নগুলোর ক্ষেত্রে আপনাকে সাহায্য করবেন।

আপনার অভিভাবক/প্রতিনিধি কর্তৃপক্ষকে জানায় আপনার কী প্রয়োজন, আপনাকে পরামর্শ দেন এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করেন।

সবসময় নিজের চাহিদা ও অনুভূতি প্রকাশ করতে পারেন এবং অভিভাবক/ প্রতিনিধিকে নিজের মতামত জানাতে পারেন।

যদি আপনার অভিভাবক/প্রতিনিধির সঙ্গে কোনো সমস্যা থাকে, তবে কর্মীদের জানান।

আপনি সব সময় স্টাফদের কাছে সাহায্য ও সমর্থনের জন্য প্রশ্ন করতে পারেন। ভয় পাবেন না, সমস্যাগুলো একসাথে সমাধান করা যায়!

একজন **দোভাষী** আপনাকে এমন একটি ভাষায় যোগাযোগ করতে সাহায্য করতে পারে যা আপনি বুঝতে পারেন। তাদের কাজ হলো, আপনি ও অন্যরা যা বলছে, তা ঠিকভাবে অনুবাদ করা।

**যদি আপনি নিজের পরিবারের সঙ্গে যোগাযোগ করতে চান, তাহলে কী করবেন?**



যদি আপনি না জানেন আপনার পরিবার কোথায় আছে, বা তাদের সঙ্গে যোগাযোগ হারিয়ে ফেলেন, তবে কর্মীরা আপনাকে আপনার পরিবার খুঁজতে সাহায্য করবে।

যদি আপনার পরিবার ইউরোপে থাকে, তবে কর্মীকে আপনার পরিবারের সম্পর্কে যা কিছু জানেন তা সব জানান।

**সাবধানে থাকুন, কিছু মানুষ আপনাকে বিপদে ফেলে দিতে পারে।**



আপনি হয়তো এই দেশ ছেড়ে যাওয়ার কথা ভাবছেন অথবা হয়তো কিছু লোক আপনাকে চলে যেতে রাজি করানোর চেষ্টা করছে। এটি আপনার পক্ষে বিপজ্জনক হতে পারে এবং আপনার অ্যাসাইলামের আবেদনের উপর খারাপ প্রভাব ফেলতে পারে। আপনার **অভিভাবক/প্রতিনিধি** এবং কর্মীদের সঙ্গে কথা বলুন, আপনি তাদের পরিস্থিতি ব্যাখ্যা করতে পারেন এবং তারা আপনাকে পরামর্শ দিতে পারবেন।

## আপনি কী কী পাবেন?



কর্তৃপক্ষ আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করার জন্য অপেক্ষা করার সময় আপনি বিভিন্ন ধরনের সহায়তা এবং পরিষেবা পাবেন। এটিকে বলা হয় **রিসেপশন**।

কর্মীরা আপনাকে এটা নিশ্চিত করতে বলবে যে আপনি এই ব্রোশিওরে দেওয়া তথ্য বুঝতে পেরেছেন কি-না যদি আপনি এই ব্রোশিওরের কিছু অংশ বুঝতে না পারেন বা আপনার কোনো প্রশ্ন থাকে, তবে আপনার **অভিভাবক/প্রতিনিধি** এবং কর্মীদের কাছে জিজ্ঞাসা করুন।

পরবর্তী কয়েক দিনে আপনি আরও অতিরিক্ত তথ্য পাবেন।

আপনি পাবেন:



- একটি ঘুমানোর জায়গা



- নিজেকে পরিষ্কার রাখার উপকরণ



- খাবার



- দৈনন্দিন খরচের জন্য অর্থ



- কাপড়



একজন শিশু হিসেবে আপনার শেখার ও শিক্ষা লাভের অধিকার আছে। কর্মীরা আপনাকে শিক্ষামূলক এবং বিনোদনমূলক কাজ সম্পর্কে জানাবে যা আপনাকে শিখতে, নিজের উন্নতি করতে এবং নতুন বন্ধু তৈরি করতে সাহায্য করবে।





আপনার বয়স এবং পরিস্থিতির ওপর নির্ভর ক'রে, যদি আপনি চান, আপনাকে কাজ করতে দেওয়া হতে পারে। আপনার অভিভাবক/প্রতিনিধি এবং কর্মীরা আপনাকে আরও তথ্য দেবেন।

## স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার

**কর্তৃপক্ষ নিশ্চিত করবে যেন আপনি প্রয়োজনীয় চিকিৎসা পরিষেবা পান।**

কর্মী এবং অভিভাবক/প্রতিনিধি আপনাকে জানাবেন যে আপনাকে নার্স বা ডাক্তারের সাথে মেডিকেল চেকআপে যেতে হতে পারে





## যদি নিম্নলিখিত কোনো ঘটনা ঘটে, তবে কর্মীদের এবং আপনার অভিভাবক/প্রতিনিধিকে জানান:

- আপনি অসুস্থ, আহত হোন বা জরুরি চিকিৎসার প্রয়োজন হয়
- আপনার কোনো শারীরিক অক্ষমতা থাকলে
- আপনার সাথে কেউ খারাপ ব্যবহার করে
- আপনি কাউকে ভয় পেয়েছিলেন বা পাচ্ছেন
- আপনি যদি গর্ভবতী হন বা হতে পারেন বলে মনে হয়
- আপনার অন্য কোনো কারণে সহায়তার প্রয়োজন হলে।

আপনি যদি প্রায়ই বিষণ্ন, রাগান্বিত, ভীত বা মানসিক কষ্টে ভোগেন কিংবা আপনার ঘুমের সমস্যা হয়, তবে আপনি একজন মনোবিজ্ঞানীর সাথে কথা বলতে পারেন।

আপনি নার্স, ডাক্তার, মনোবিজ্ঞানী, কর্মী এবং আপনার অভিভাবকের ওপর আস্থা রাখতে পারেন। আপনার সম্মতি ছাড়া—অভিভাবক ছাড়া—অন্য কারও কাছে আপনার বলা কোনো কথাই প্রকাশ করা হবে না। একমাত্র ব্যতিক্রম হলো যদি আপনার নিজের বা অন্য কারও জীবনের কোনো ঝুঁকি থাকে।

## আপনি কোথায় থাকবেন?



আশ্রয়ের আবেদনটি কর্তৃপক্ষের পর্যালোচনার সময় আপনি কোথায় থাকবেন, তা আপনার বয়স ও প্রয়োজনের ওপর নির্ভর করে।

আপনার অভিভাবক এবং সংশ্লিষ্ট কর্মীরা আপনাকে জানিয়ে দেবেন যে আপনাকে কোথায় থাকতে হবে। কর্তৃপক্ষ যে স্থানটি নির্ধারণ করবে, শুধুমাত্র সেখানেই আপনি প্রয়োজনীয় সহায়তা ও সেবা পাবেন।

**বিরল ক্ষেত্রে, শিশুকে এমন একটি কেন্দ্রে রাখা হতে পারে যেখানে তারা ইচ্ছে মতো আসা-যাওয়া করতে পারবে না। যদি আপনি এই পরিস্থিতিতে থাকেন, আপনার অভিভাবক/প্রতিনিধি, একজন আইনগত পরামর্শদাতা এবং কর্মীরা আপনাকে সাহায্য করবে।**

একজন আইনগত পরামর্শদাতা হলো এমন একজন ব্যক্তি যে এই দেশের নিয়মগুলো জানেন, আপনার পরিস্থিতি অধ্যয়ন করতে পারেন এবং আপনাকে সহায়তা করতে পারেন।



**আপনি যেখানেই থাকেন না কেন, আপনার নিরাপদ থাকার অধিকার আছে।**
**কারুর কখনোই নিচের কাজগুলো করার অনুমতি নেই:**




আপনাকে ভয় দেখানোর



আপনাকে অপমান করার



আপনার ক্ষতি করার

তারা যেই হোক না কেন, কোনো অপরিচিত ব্যক্তি বা আপনার পরিচিত কেউ।
যদি আপনার কর্মীদের সঙ্গে বা আপনার অভিভাবক/প্রতিনিধি এর সঙ্গে কোনো সমস্যা থাকে, আপনি তা বলতে পারেন।

## আপনার রিসেপশন সংক্রান্ত বাধ্যবাধকতা কী?

এটি গুরুত্বপূর্ণ যে আপনি সত্যি কথা বলবেন এবং কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা করবেন, এমনকি কখনও আপনার কথাগুলি বলা ভীতিকর বা কঠিন মনে হলেও।



আপনার **অভিভাবক/প্রতিনিধি** এবং কর্মীরা যদি আপনার পরিস্থিতি সম্পর্কে জানেন, তাহলে তারা আপনাকে সাহায্য করতে পারবেন।

নিচে আপনার মানতে হবে এমন কিছু বাধ্যবাধকতা লেখা আছে।

- ✔ যে স্থানে আপনি থাকছেন সেই স্থানের নিয়মাবলী অনুসরণ করুন।
- ✖ যে স্থানে কর্তৃপক্ষ আপনাকে থাকার জন্য বলেছে, সেখান থেকে চলে যাবেন না।
- ✔ এই দেশের আইনকে সম্মান করুন যা কর্মীরা এবং আপনার **অভিভাবক/প্রতিনিধি** আপনাকে ব্যাখ্যা করবে।

## যদি আপনি আপনার বাধ্যবাধকতাগুলি পালন না করেন, তাহলে কী হবে?

কর্তৃপক্ষ আপনার পরিস্থিতি মূল্যায়ন করবে এবং যদি তারা কোনো ব্যবস্থা নিতে চায়, তারা আপনাকে এবং আপনার **অভিভাবক/প্রতিনিধি** কে জানাবে।

যদি এমন হয়, আপনি আপনার **অভিভাবক/প্রতিনিধি** বা কর্মীদের সঙ্গে খোলাখুলি কথা বলতে পারেন এবং আপনার পরিস্থিতি ব্যাখ্যা করতে পারেন।

কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে যে:

- **আপনি কম সহায়তা পেতে পারেন**, উদাহরণস্বরূপ যদি আপনি কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা না করেন।
- **আপনি যে কিছু সহায়তা পাচ্ছেন তা হারিয়ে ফেলতে পারেন** যদি আপনি সহিংস আচরণ করুন।



আপনি যে ধরনের সহায়তা পাবেন তা আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজনের উপর নির্ভর করবে।

**আপনি এখন** ইতালি এ আছেন, **যা একটি EU+ দেশ।**
**EU+ দেশগুলি হল:**

ইউরোপিয়ান ইউনিয়নের (EU) 27টি সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড প্রজাতন্ত্র, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রীস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বুলগেরিয়া, বেলজিয়াম, মাল্টা, রোমানিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং

4টি অন্যান্য দেশ: আইসল্যান্ড, নরওয়ে, লি**শ**টেনস্টাইন, এবং সুইজারল্যান্ড।

## অ্যাসাইলাম চাওয়া এবং ইউরোপিয়ান ইউনিয়ন (EU+) দেশগুলোতে ভ্রমণের নিয়ম


- আপনাকে ইতালি এ থাকতে হবে এবং অন্য কোনো EU+ দেশে চলে যাবেন না।
- যদি এই দেশগুলোর কোনো এক দেশে আপনার পরিবারের সদস্য থাকে, কর্তৃপক্ষ আপনাকে পারিবারিক পুনর্মিলনের অধিকার সম্পর্কে জানাবে। শুধু চলে যাবেন না।



- যদি আপনি চলে যান, তাহলে তার পরিণতি খারাপ হবে, যা পরে ব্যাখ্যা করা হবে। উদাহরণস্বরূপ, অন্য দেশে আপনি কম রিসেপশন সহায়তা পাবেন।
- মনে রাখবেন, প্রথমে যে EU+ দেশে পৌঁছাবেন সেখানে আপনার আশ্রয় সংক্রান্ত আবেদন রেজিস্টার করতে হবে, যদি না কর্তৃপক্ষ অন্য কিছু জানায়।
- এই দেশগুলোর মধ্যে শুধুমাত্র একটি দেশই আপনার অ্যাসাইলাম আবেদন মূল্যায়নের জন্য দায়িত্বশীল। ইতালি এর কর্তৃপক্ষ আপনাকে জানাবে কোন দেশ এর জন্য দায়িত্বশীল।

আপনারা এসব নিয়ম-কানুন আলাদা ব্রোশিওরে আরো ভালোভাবে জানতে পারবেন।

# আপনি যদি EU + দেশগুলির মধ্যে একটিতে চলে যান তবে কী হবে?




**ইতালি**

আপনার অ্যাসাইলাম প্রসিডিউর বন্ধ হয়ে যেতে পারে।

**অন্য EU+ দেশে:**

- কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে আপনাকে সেই EU+ দেশে ফেরত পাঠানোর জন্য যেটি আপনি ছেড়ে এসেছেন।

কর্তৃপক্ষ আপনাকে ফেরত পাঠানোর সিদ্ধান্ত জানালে তখন থেকেই আপনার কিছু অধিকার থাকবে না, যেমন:

- আপনি কিছু প্রকারের সহায়তা পাবেন না এবং
- আপনাকে কাজ করতে দেওয়া হবে না।

আপনি যে ধরনের সহায়তা পাবেন তা আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজনের উপর নির্ভর করবে।

## যদি কর্তৃপক্ষের নেওয়া সিদ্ধান্তের সঙ্গে আপনি একমত না হন, তাহলে কারা আপনাকে সাহায্য করতে পারে?

আপনি আপনার **অভিভাবক** এর সঙ্গে কথা বলতে পারেন এবং যেকোনো প্রশ্ন করতে পারেন।

আপনার **অভিভাবক** এর সাথে আপনি একজন আইনি পরামর্শদাতার সাহায্য চাইতে পারেন।



কর্মীরা আপনাকে এমন বেসরকারি সংস্থার কথাও জানাবেন যারা আপনাকে তথ্য এবং সহায়তা প্রদান করতে পারে।




আপনি যে কোনো সময় জাতিসংঘ শরণার্থী সংস্থা (UNHCR)-এর সাথে যোগাযোগ করতে পারেন। UNHCR সেইসব মানুষকে সাহায্য করে ও রক্ষা করে, যাদের নিজেদের দেশ ছেড়ে যেতে বাধ্য করা হয়েছে।

## আমার নোট

# যোগাযোগের তথ্য

যদি আপনার কোনো প্রশ্ন থাকে বা থাকার সময় সহায়তা প্রয়োজন হয়, আপনি এখানে কাজ করা কর্মীদের সঙ্গে কথা বলতে পারেন:

**প্রাসঙ্গিক কর্তৃপক্ষ**

*প্রাসঙ্গিক যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করুন*

**অন্য প্রাসঙ্গিক কর্তৃপক্ষ**

*প্রাসঙ্গিক যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করুন*

*প্রাসঙ্গিক যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করুন*

**শিশু সুরক্ষা**

*কাস্টমাইজ করবে*

**বিপদে পড়া শিশুদের জন্য হেল্পলাইন**

*কাস্টমাইজ করবে*

**আইনগত পরামর্শ, সহায়তা এবং প্রতিনিধিত্ব**

*এই পর্যায়ে আইনি পরামর্শ, সহায়তা ও প্রতিনিধিত্ব দিতে পারে এমন সংস্থাগুলোর হটলাইন, ওয়েবসাইট বা প্রাসঙ্গিক যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করুন। RCD-এর আওতায় আইনগত সহায়তা এবং প্রতিনিধিত্ব ভিন্ন প্রতিষ্ঠান দ্বারা প্রদান করা হলে, অনুগ্রহ করে একটি আলাদা এন্ট্রি অন্তর্ভুক্ত করুন*

**UNHCR (জাতিসংঘ শরণার্থী সংস্থা)** অ্যাসাইলাম প্রার্থী ও শরণার্থীদের স্বার্থ ও অধিকার রক্ষা করে

*প্রাসঙ্গিক যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করুন*

**অন্যান্য যোগাযোগের তথ্য**

*অন্যান্য যোগাযোগের তথ্য যোগ করতে (যেমন: UNHCR বাস্তবায়ন পার্টনার, যেকোনো অন্যান্য সংস্থা যা সহায়তা প্রদান করে)*

যদি আপনার জরুরি চিকিৎসার প্রয়োজন হয় বা আপনি বিপদে পড়েন, আপনি এই নম্বরে / এই নম্বরগুলোতে *নির্বাচন করুন* বিনামূল্যে কল করতে পারেন:

**জরুরি চিকিৎসা পরিস্থিতি:** নাম্বার

**পুলিশ নাম্বার**

euaa
EUROPEAN UNION
AGENCY FOR ASYLUM

MINISTERO
DELL'INTERNO

এই ব্রোশিওরটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপকরণের মূল অংশটি সরবরাহ করেছে, এবং এই ব্রোশিওরটি পুনর্মুদ্রণ বা পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলোর জন্য EUAA কর্তৃক অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই ব্রোশিওরে অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো
ব্যক্তি এই ব্রোশিওরে থাকা তথ্যের ব্যবহারের জন্য দায়িত্বশীল নয়।

© ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025